

📖 **রিয়াদুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)**

হাদিস নাম্বারঃ ৭২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২১]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৯: সম্মান প্রদর্শনের স্থানে ডানকে অগ্রাধিকার দেওয়া মুস্তাহাব হওয়া (ডান-বাম ব্যবহারবিধি)

بَابُ اسْتِحْبَابِ تَقْدِيمِ الْيَمِينِ فِي كُلِّ مَا هُوَ مِنْ بَابِ التَّكْرِيمِ (99)

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْجِبُهُ التَّيْمُنُ فِي شَأْنِهِ كُلِّهِ: فِي طُهُورِهِ، وَتَرَجُّلِهِ، وَتَنَعُّلِهِ . مُتَّفَقٌ عَلَيْهِ

বাংলা

সমস্ত ভাল ও সম্মানজনক কাজকর্মে ডান হাত ব্যবহার করা বা ডান দিককে অগ্রাধিকার দেওয়া উত্তম; যথাঃ ওয়ু, গোসল, তায়াম্মুম, পোশাক পরা, জুতা, মোজা, পায়জামা পরা, মসজিদে প্রবেশ করা, দাঁতন করা, সুরমা লাগানো, নখকাটা, গোঁফ কাটা, বগলের লোম তোলা, চুল কামানো, নামায থেকে সালাম ফেরা, পানাহার করা, মুসাফাহ করা, হাজরে আসওয়াদ স্পর্শ করা, পায়খানা থেকে বের হওয়া, কোন জিনিস লেন-দেন করা ইত্যাদি। আর উক্ত কার্যাদির বিপরীত অন্যান্য কর্মসমূহে বাম হাত ব্যবহার বা বাম দিককে অগ্রাধিকার দেওয়া উত্তম। যেমন নাকঝাড়া, খুতু ফেলা, মসজিদ থেকে বের হওয়া, পোশাক, জুতা, মোজা, পায়জামা ইত্যাদি খোলা, পেশাব-পায়খানার পর ইস্তিজ্জা (পানি বা ঢিল ব্যবহার) করা, ঘণিত কিছু স্পর্শ করা ইত্যাদি।

মহান আল্লাহ বলেছেন,

﴿فَأَمَّا مَنْ﴾ أُوتِيَ كِتَابَهُ ﴿بِيَمِينِهِ﴾ ﴿فَيَقُولُ هَؤُلَاءِ أَقْدَرُ عَلَيَّ رَعَوْا كِتَابِي﴾ ﴿١٩﴾ ﴿[الْحَاقَّة: ١٩]﴾

অর্থাৎ “সুতরাং যাকে তার আমলনামা তার ডান হাতে দেওয়া হবে সে বলবে, এই নাও, আমার আমলনামা পড়ে দেখ।” (সূরা হা-ক্বাহ ১৯ আয়াত)

তিনি বলেছেন,

﴿فَأَصْحَابُ الْمَيْمَنَةِ مَا أَصْحَابُ الْمَيْمَنَةِ ۖ وَأَصْحَابُ الْشَّأْمَةِ مَا أَصْحَابُ الشَّأْمَةِ ۚ﴾ ٩

[الواقعة: ٨، ٩]

অর্থাৎ “ডানওয়ালা; কত ভাগ্যবান ডানওয়ালা! আর বামওয়ালা; কত হতভাগ্য বামওয়ালা!” (সূরা ওয়াকিয়াহ ৮-৯ আয়াত)

১/৭২৫। আয়েশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সমস্ত কাজে (যেমন) ওয়ূ করা, মাথা আঁচড়ানো ও জুতা পরা (প্রভৃতি সমস্ত ভাল) কাজে ডান দিক থেকে শুরু করা পছন্দ করতেন।' (বুখারী ও মুসলিম) [1]

English

(99) Chapter: Excellence of Using the Right Hand for Performing Various Good Acts

Allah, the Exalted, says:

"Then as for him who will be given his Record in his right hand will say: 'Take, read my Record!'" (69:19)

"So those on the Right Hand (i.e., those who will be given their Records in their right hands) how (fortunate) will those be on the Right Hand! (As a respect for them, because they will enter Jannah). And those on the Left Hand (i.e., those who will be given their Record in their left hands) how (unfortunate) will those be on the Left Hand! (As a disgrace for them, because they will enter Hell)." (56:8,9)

'Aishah (May Allah be pleased with her) reported:

Messenger of Allah (ﷺ) liked to use his right hand in all matters: in combing his hair and wearing his shoes.

[Al-Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৬৮, ৪২৬, ৫৩৮০, ৫৮৫৪, ৫৯২৬, মুসলিম ২৬৮, তিরমিযী ৬০৮, ৪২১, নাসায়ী ৫২৪০, আবু দাউদ ৪১৪০, ইবনু মাজাহ ৪০১, আহমাদ ২৪১০৬, ২৪৪৬৯, ২৪৬২০, ২৪৭৯৩ ২৪৮৪৫, ২৫০১৮, ২৫১৩৬, ২৫৭৫১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23690>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন